

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৫০

२৫/ जिशापत क्यीनि (ﷺ) अटा الجهاد عن رسول الله

পরিচ্ছেদঃ আল্লাহ্র কাছে শহীদদের মর্যাদা।

باب مَا جَاءَ فِي فَضل الشُّهَدَاءِ عِنْدَ اللَّهِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبُةُ، حَدَّثَنَا ابْنُ لَهِيعَةَ، عَنْ عَطَاءِ بْنِ دِينَارٍ، عَنْ أَبِي يَزِيدَ الْخَوْلاَنِيّ، أَنَّهُ سَمِعَ فَضَالَةَ بْنَ عُبَيْد، يَقُولُ سَمِعْتُ مُمَرَ بْنَ الْخَطَّاب، يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " الشُّهَدَاءُ أَرْبَعَةٌ رَجُلٌ مُؤْمِنٌ جَيِّدُ الإِيمَانِ لَقِيَ الْعَدُوَّ فَصَدَقَ اللَّهَ حَتَّى قَتُلَلهُ فَنَاكُ الَّذِي يَرْفَعُ النَّاسُ إِلَيْهِ أَعْيُنَهُمْ يَوْمَ الْقِيَامَةِ هَكَذَا " . وَرَفَعَ رَأْسَهُ حَتَّى وَقَعَتْ قَتَلَهُ هُوهُ فِي النَّاسُ إِلَيْهِ أَعْيُنَهُمْ يَوْمَ الْقِيَامَةِ هَكَذَا " . وَرَفْعَ رَأْسَهُ حَتَّى وَقَعَتْ قَتَلَهُ هُمُو فِي النَّاسُ إِلَيْهِ أَعْيُنَهُمْ يَوْمَ الْقِيَامَةِ هَكَذَا " . وَرَفُعَ رَأْسَهُ حَتَّى وَقَعَتْ وَلَجُلٌ مُؤْمِنٌ جَيِّدُ الإِيمَانِ لَقِيَ الْعَدُوقَ فَكَأَنَّمَا ضُرِبَ جِلْدُهُ بِشَوْكِ طَلْحٍ مِنَ الْجُبْنِ أَتَاهُ سَهُمْ غَرْبٌ فَقَتَلَهُ فَهُو فِي الدَّرَجَةِ الثَّالِيَةِ وَرَجُلٌ مُؤْمِنٌ خَلَطَ عَمَلاً صَالِحًا وَآخَرَ سَيِّنًا سَهُمْ غَرْبٌ فَقَتَلَهُ فَهُو فِي الدَّرَجَةِ الثَّالِيَةِ وَرَجُلٌ مُؤْمِنٌ خَلَطَ عَمَلاً صَالِحًا وَآخَرَ سَيِّنًا لَقِيَ الْعَدُوقُ فَصَدَقَ اللَّهَ حَتَّى قُتِلَ فَذَلِكَ فِي الدَّرَجَةِ التَّالِثَةِ وَرَجُلٌ مُؤْمِنٌ أَسُوكِ عَلَى الْمَعْتُ مُولُ عَلَى الْعَدُونُ فَصَدَقَ اللَّهَ حَتَّى قُتِلَ فَذَلِكَ فِي الدَّرَجَةِ التَّالِثَةِ وَرَجُلٌ مُؤْمِنٌ أَسْرَفَ عَلَى الْعَرُونُ وَيَهُ إِلاَّ مِنْ حَدِيثَ عَطَاءِ بْنِ دِينَارٍ وَقَالَ عَنْ أَشْيَاحٍ مِنْ قَوْلُ عَنْ أَشْيَاحٍ مِنْ قَيْلُ عَنْ أَسُي بَهِ بَأْسٌ.

বাংলা

১৬৫০। কুতায়বা (রহঃ) ... উমার ইবনু খান্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, শহীদ হলো চার ধরণের, মুমিন ব্যক্তি যার ঈমান অতি উত্তম, শক্রর সম্মুখীন হয় সে এবং আল্লাহর অঙ্গীকারের উপর দৃঢ় বিশ্বাস রেখে লড়াই করে শেষ পর্যন্ত নিহত হয়, এর দিকেই কিয়ামতের দিন লোকেরা এরূপভাবে তাদের চোখ উপরের দিকে তুলে তাকাবে-এ বলে তিনি তাঁর মাথা উঁচু করে দেখালেন এমনকি মাথা থেকে তাঁর টুপি পড়ে গেল। বর্ণনাকারী বলেন, এখানে উমার রাদিয়াল্লাহু আনহু-এর টুপির কথা বলা হয়েছে আমি তা জানি না। তিনি



বলেন, আরেক মুমিন ব্যক্তি, ঈমান যার উত্তম, শক্রর সম্মুখীন হয় সে। কিন্তু ভিরুতার দরুন তার শরীর এমন ভাবে কাপতে থাকে যে, (মনে হয়) তার চামড়ায় যেন বাবুর গাছের কাটা দিয়ে প্রহার করা হয়েছে। হঠাৎ একটি তীরের আঘাতে সে নিহত হলো, এ হলো দিতীয় দরজার শহীদ। আরেক মুমিন ব্যক্তি যে নিজের মধ্যে কিছু নেক আমল এবং বদ কিছু আমলের মিশ্রণ ঘটিয়েছে। শক্রর সম্মুখীন হয় সে। আল্লাহর ওয়াদা সমূহের উপর বিশ্বাস রেখে লড়াই করে শেষ পর্যন্ত নিহত হয়। এ হলো তৃতীয় দরজার শহীদ। আরেক মুমিন ব্যক্তি যে নিজের উপর জুলুম করেছে, আল্লাহর ওয়াদা সমূহের উপর বিশ্বাস রেখে লড়াই করে শেষ পর্যন্ত নিহত হয়ে যায়। এ হলো চতুর্থ দরজার শহীদ। যঈফ, মিশকাত, তাহকীক ছানী ৩৮৫৮, যঈফা ২০০৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৪৪ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি হাসান-গারীব। আতা ইবনু দীনার (রহঃ)-এর সূত্র ছাড়া এটি সম্পর্কে কিছু জানা যায় না। মুহাম্মদ (রহঃ)-কে বলতে শুনেছি যে, সাঈদ ইবনু আবূ আয়ূব এই হাদীসটিকে আতা ইবনু দীনার-খাওলান গোত্রের কতক শায়খ (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন। এতে আবূ ইয়াযীদ (রহঃ)-এর উল্লেখ নেই। তিনি আরো বলেন, আতা ইবনু দীনার (রহঃ) নিষ্কলুষ ব্যক্তি।

English

Narrated Fadalah bin 'Ubaid:

That he heard 'Umar bin Al-Khattab saying: "I heard the Messenger of Allah (ﷺ) saying: 'The martyrs are four: A believing man whose faith is good, he meets the enemy and proves faithful to Allah until he is killed. That is the one to whom the people will raise up their eyes like this on the Day of Judgement' and he raised his head until his Qalansuwah fell - [he said:] I do not know if it was 'Umar's Qalansuwah or the Qalansuwah of the Prophet (ﷺ) that fell - he said, 'And a believing man whose faith is good (but not as brave as first), he meets the enemy, but due to cowardice, it only appears that he was struck with a thorn of an acacia tree when an unexpected arrow comes to him, yet it kills him. He is among the second level. And a believing man who has mixed righteous deed with another evil one, he meets his enemy and proves faithful to Allah until he is killed. This one is in the third level. And a believing man who wasted himself (in wrongdoing), he meets the enemy and proves faithful to Allah until he is killed. This one is in the fourth level.'"

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Gharib, it is not known except as a narration of 'Ata bin Dinar.

He said: I heard Muhammad saying: "Sa'eed bin Abi Ayyub reported this Hadith from 'Ata bin Dinar - from some Shaikhs of Khawlan - and he did not



mention 'from Abu Yazid' in it." And he said: "'Ata bin Dinar; there is no harm in him."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন